



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-৩৭.১৬.০০০০.০১২.২০.০০১.২০ / ১৭নং (২)

তারিখ: ২১/১০/২০২০ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা অঞ্চলের সকল মাদ্রাসা প্রধানকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সনের বিভিন্ন পরীক্ষার মূল সনদ গ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে হবে। আগামী ২২/১১/২০২০ তারিখের পরে হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

অনলাইনে আবেদন করার নিয়মাবলী

- ১। প্রতি পরীক্ষার জন্য আলাদা আলাদাভাবে মাদ্রাসার প্যাডে আবেদন করতে হবে।
- ২। মাদ্রাসা প্রধান ও ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি'র সভাপতির নাম, মোবাইল নম্বর, স্বাক্ষর ও অফিসিয়াল সীল সম্বলিত আবেদন স্ক্যান করে আপলোড করতে হবে।
- ৩। আবেদনে কেন্দ্রের নাম, কেন্দ্র কোড, জেলা ও উত্তীর্ণ পরীক্ষার্থীদের সংখ্যা উল্লেখ করতে হবে।
- ৪। ক্ষুদ্রে বার্তা (মেসেজ) প্রাপ্তি সাপেক্ষে অত্র বোর্ডের গোপনীয় শাখা (৪র্থ তলা) থেকে মূল সনদ গ্রহণের সময় মাদ্রাসা প্রধান ও ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি'র সভাপতির স্বাক্ষর ও অফিসিয়াল সীল সম্বলিত মূল আবেদন জমা দিতে হবে।
- ৫। উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে মূল আবেদন গ্রহণ করার ক্ষেত্রে প্রাধিকারপত্র (কম্পোজকৃত) জমা দিতে হবে। উল্লেখ্য যে, প্রাধিকারপত্রে প্রতিনিধির স্বাক্ষর সত্যায়নসহ নাম ও পদবী উল্লেখ থাকতে হবে।
- ৬। মূল সনদ গ্রহণের সময় মাদ্রাসা প্রধানের মোবাইল নম্বর সম্বলিত অফিসিয়াল সীল ও অনলাইনে আবেদনের কপি সঙ্গে আনতে হবে।
- ৭। উপজেলা/থানা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্রসচিব মহোদয় সংশ্লিষ্ট উপজেলা/থানার সকল মাদ্রাসার ইবতেদায়ি শিক্ষা সমাপনি পরীক্ষার মূল সনদ গ্রহণের আবেদন করবেন। এক্ষেত্রে অবশ্যই কেন্দ্রসচিবের স্বাক্ষর সম্বলিত অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে।
- ৮। মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে সনদ বিতরণের বিজ্ঞপ্তি প্রকাশের পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে মূল সনদ গ্রহণের আবেদন করতে হবে।
- ৯। যে কোন প্রকার অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd